

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

নং- চ০.২০০.০৬৪.০০.০০.০১১.২০১৫-২৫১

তারিখ : ০৬/১০/২০১৬ইং

৩৪তম বিসিএস এর লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত নন এমন প্রার্থীদের মধ্য হতে নন-ক্যাডার প্রথম শ্রেণির পদে চূড়ান্ত ফলাফল প্রকাশ সংক্রান্ত কমিশনের ০৯.০৩.২০১৬ তারিখের ৪৫নং প্রেস বিজ্ঞপ্তিতে উল্লেখিত প্রার্থীদের মধ্য হতে তথ্য বিভ্রাট/প্রশাসনিক কারণে রেজিস্ট্রেশন নম্বর-০৩১৫৫৫ ও ৬০১৩৩৮ এর সুপারিশ পরবর্তীতে কমিশনের ০৩.০৪.২০১৬ তারিখের ৫৯ নং প্রেস বিজ্ঞপ্তিতে স্থগিত করা হয়। ২৮.০৪.২০১৬ খ্রি. তারিখের ১০০নং প্রেস বিজ্ঞপ্তিতে তথ্য বিভ্রাট/প্রশাসনিক কারণে ৩জন প্রার্থী রেজিস্ট্রেশন নম্বর-০২৮২৫৭, ০৯৮৪৭১ ও ১০৯৭২২ এর ফলাফল/সুপারিশ কমিশন কর্তৃক স্থগিত রাখা হয়। উক্ত ৫জন প্রার্থী এ বিষয়ে কমিশন কর্তৃক গঠিত কমিটির নিকট প্রয়োজনীয় কাগজপত্র/সনদপত্র/ডকুমেন্ট দাখিল করেন। প্রার্থীদের দাখিলকৃত কাগজপত্রাদি প্রাথমিকভাবে যথাযথ বিবেচিত হওয়ায় স্থগিতকৃত ৫জন প্রার্থীর ফলাফল কমিশন কর্তৃক ঘোষণা করা হয়েছে। কমিশন কর্তৃক সাময়িকভাবে (provisionally) সুপারিশকৃত ০৫ (পাঁচ) জন প্রার্থীর পদের নাম ও রেজিস্ট্রেশন নম্বর নিম্নে দেয়া হলো :

- (১) জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পদের নাম : তত্ত্বাবধায়ক (প্রশাসন)
রেজিঃ নম্বর- ০৩১৫৫৫ = ১জন।
- (২) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্থানীয় সরকার বিভাগ
পদের নাম : জুনিয়র কমিস্ট
রেজিঃ নম্বর- ৬০১৩৩৮ = ০১ জন।
- (৩) বাংলাদেশ ভূ-তাত্ত্বিক জরিপ অধিদপ্তর, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
পদের নাম : সহকারী পরিচালক (ভূ-পদার্থ)
রেজিঃ নম্বর- ০৯৮৪৭১ = ০১ জন।
- (৪) প্রাণি সম্পদ অধিদপ্তর, মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়
পদের নাম : গবেষণা কর্মকর্তা
রেজিঃ নম্বর- ০২৮২৫৭।
- (৫) জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
পদের নাম : উপাধ্যক্ষ (টিটিসি)
রেজিঃ নম্বর- ১০৯৭২২ = ০১ জন।

২। সাময়িকভাবে সুপারিশকৃত উপরোক্ত প্রার্থীদের মধ্যে পরবর্তীকালে যে কোনো সময় কোনো প্রার্থীর যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, জালিয়াতি বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ হলে তাকে চাকুরি হতে বরখাস্ত ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাই এর পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রার্থীদের নিয়োগ প্রদান করবে।

৩। উল্লেখ্য, নিয়োগের পূর্বে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০৮.০৬.২০১৫ তারিখের ৪৮.০০.০০০০.০০৩.১৭.০২০.২০১২/৩৭৬ নং পত্রের সিদ্ধান্ত অনুযায়ী মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত প্রার্থীর তথ্য এবং মুক্তিযোদ্ধা সনদ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে যাচাই বাছাইপূর্বক নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করবেন।

৪। প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত অংগীকারনামার ভিত্তিতে প্রাথমিকভাবে বিবেচনায় নিয়ে কমিশন এই শর্তে প্রার্থীদের সুপারিশ করেছে যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ সরকারী সিদ্ধান্ত অনুযায়ী পুলিশি তদন্তের মাধ্যমে কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

৫। প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

[পড়াশুনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;
চাকরির ক্ষেত্রে কোনোরূপ ভদ্বির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।]


(আ.ই.ম নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)